**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 19-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) উত্তর-পূর্বাঞ্চল পরিষদ, এন ই সির দুই দিনব্যাপী বৈঠক আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে ।**

**২) প্রশাসন গাও কি ঔর প্রচারাভিযান কর্মসূচি রাজ্যেও আজ থেকে শুরু হয়েছে ।**

**৩) রাজ্যে আজ কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচির সূচনা করা হয়েছে ।**

**৪) আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে আয়োজিত দুদিন ব্যাপী খেলো ত্রিপুরা প্যারা অলিম্পিকস-২০২৪এর আজ শেষ হয়েছে ।**

*******************************************

**NEC Meeting :**

উত্তর-পূর্বাঞ্চল পরিষদ, এন ই সির দুই দিনব্যাপী বৈঠক আগামীকাল থেকে আগরতলায় শুরু হচ্ছে। রাজ্য পরিকল্পনা দপ্তরের সচিব এল টি ডারলং জানান আগামীকাল এন ই সি র প্রি প্লেনারি কমিটির টেকনিকাল অধিবেশন অনুষ্ঠিত হবে। আগামী একুশে ডিসেম্বর আগরতলার প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হবে এন ই সির পূর্ণাঙ্গ প্লেনারি কমিটির অধিবেশন। অধিবেশনে অংশ নিতে পরিষদের চেয়ারম্যান তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ আগামীকাল রাজ্যে আসছেন। সঙ্গে ডোনার মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়াও আসবেন। বৈঠকে উত্তর পূর্বাঞ্চলের সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রী এবং রাজ্যপালগণ উপস্থিত থাকবেন। এদিকে

দু'দিনব্যাপী এই বৈঠককে কেন্দ্র করে আগরতলায় পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। আজ থেকেই নিরাপত্তা কর্মীদের শহরের বিভিন্ন স্থানে মোতায়েন করা হয়েছে বলে জানান এ আই জি অনন্ত দাস। এছাড়া বিএসএফকে সীমান্তে নিশ্চিদ্র নিরাপত্তা ব্যবস্থা করার ও নির্দেশ দেয়া ঠিক হয়েছে বলে তিনি জানান।

***************************

**NEC meeting, DGP :**

এন ই সি অধিবেশন উপলক্ষ্যে নিরাপত্তা ব্যবস্থা পর্যালোচনা করতে আজ রাজ্য পুলিশের মহানির্দেশক অমিতাভ রঞ্জন অন্যান্য পুলিশ আধিকারিকদের সঙ্গে আগরতলার বিভিন্ন এলাকা পরিদর্শন করেন। মহানির্দেশক শ্রী রঞ্জন জানান, নিরাপত্তার জন্য পুলিশ, টিএসআর ছাড়াও আসাম রাইফেলস, বিএসএফ এবং সিআরপিএফের সহযোগিতা নেওয়া হয়েছে। আগরতলা ও আশপাশ এলাকায় ছয় থেকে সাত হাজার নিরাপত্তা রক্ষী থাকবেন। তিনি জানান, সব মিলিয়ে দশ হাজার নিরাপত্তাকর্মী মোতায়েন  করা হয়েছে। শ্রী রঞ্জন জানান, বাংলাদেশ সীমান্তে বিএসএফকে সতর্ক করা হয়েছে। আগরতলায় যেখানে ভিআইপি-রা থাকবেন সেখানে যথেষ্ট পরিমানে নিরাপত্তারক্ষীরা থাকবেন। এছাড়া স্বরাষ্ট্রমন্ত্রীর আমবাসায় যাওয়ার কথা রয়েছে। সেখানেও নিরাপত্তার সব ব্যবস্থা করা হয়েছে। তিনি জানান, এনইসি অধিবেশন উপলক্ষ্যে আগরতলায় বড় বড় ভবনগুলিতে তল্লাশি চলছে। শহরে প্রবেশ পথে নিরাপত্তারক্ষী মোতায়েন করা হয়েছে।

****************************

**Prashasan Gaon Ki Aur :**

প্রশাসন গাও কি ঔর অর্থাৎ গ্রামমুখী প্রশাসন প্রচারাভিযান কর্মসূচি গোটা দেশের পাশাপাশি রাজ্যেও আজ থেকে শুরু হয়েছে। পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা ডঃ

বিশাল কুমার বলেছেন, এই অভিযান চলবে ২৫ ডিসেম্বর পর্যন্ত। তিনি বলেন এই প্রচার কর্মসূচিতে প্রতিটি গ্রামীণ এলাকার বিভিন্ন সমস্যা ও সেগুলির সমাধানের দিকগুলি খতিয়ে দেখতে জনগনের দুয়ারে পৌঁছে যাবে প্রশাসন। আকাশবাণী আগরতলা কেন্দ্রের সংবাদ বিভাগে এক সাক্ষাৎকারে ডক্টর কুমার বলেন এই কর্মসূচিতে  জনগনের সমস্যার কথা লিপিবদ্ধ করে পরে সেই সমস্যাগুলি সমাধানের জন্য কাজ করবে প্রশাসন। তিনি বলেন এই কর্মসূচিতে শিবিরের মাধ্যমে এসি এস টি, ওবিসি কার্ড, রেশন কার্ড, আয়ুষ্মান কার্ড, বিবাহ নিবন্ধীকরণ শংসাপত্র ইত্যাদি করতে পারবেন জনগণ। তিনি বলেন ইতিমধ্যেই জনগণকে এই কর্মসূচি সম্পর্কে অবগত করতে মাইক যোগে প্রচার করা হচ্ছে। জেলাশাসক এই কর্মসূচিতে অংশ নেবার জন্য গ্রামবাসীদের প্রতি আহ্বান জানিয়েছেন।

#########Byte#######

****************************

**Paddy purchase in MSP :**

জিরানীয়া সরকারি খাদ্য গুদামে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রাজ্য সরকারের কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর ও খাদ্য দপ্তরের যৌথ উদ্যোগে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচির সূচনা করা হয়। অনুষ্ঠানে কৃষিমন্ত্রী রতনলাল নাথ বলেন এখন পর্যন্ত রাজ্যে ২ লক্ষ ৭৬ হাজার জন কৃষক প্রধানমন্ত্রী কৃষক সম্মাননিধি যোজনায় ১৮ কিস্তিতে ৭০ কোটি টাকা পেয়েছেন। তিনি বলেন কৃষকদের আয় বাড়াতে প্রধানমন্ত্রী সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছেন। তার জন্য সহায়ক মূল্যে ধান ক্রয়, কৃষি ঋণ, কৃষি যন্ত্রপাতি প্রদান, কৃষি বাজার, ভর্তুকিতে সার বীজ প্রদান ইত্যাদি বিষয়ে রাজ্য সরকারও কৃষকদের আত্মনির্ভর করার প্রয়াস চালিয়ে যাচ্ছে। তিনি বলেন বিজেপি সরকার ক্ষমতায় আসার পর এখন পর্যন্ত ৩ লক্ষ ৭২ হাজার কৃষককে ২ হাজার ২৫ কোটি টাকা কৃষি ঋণ প্রদান করা হয়েছে।

অনুষ্ঠানে খাদ্যমন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন রাজ্য সরকার জনমুখী সরকার। রাজ্যকে দেশের অন্য রাজ্যের সঙ্গে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যেই কেন্দ্র সরকারও সব রকম সহযোগিতা করছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জিরানীয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন সহ খাদ্য ও কৃষি দপ্তরের আধিকারিকরা। আজ অনুষ্ঠানে কৃষকদের মধ্যে কৃষি যন্ত্রাংশ বিতরণ করা হয়।

বিধায়ক বিন্দু দেবনাথ বলেছেন, সরকারি সহায়ক মূল্যে ধান ক্রয় করে কৃষকদের স্বপ্ন পূরণ করছে বর্তমান সরকার। আজ সিপাহীজলা জেলার কাঁঠালিয়া মোটর স্ট্যান্ডে খরিফ মরসুমে সহায়ক মূল্যে ধান ক্রয় কর্মসূচির উদ্বোধন করে তিনি একথা বলেন। আজ থেকে আগামী ২৩ তারিখ পর্যন্ত এই কেন্দ্রে ধান কেনা হবে। গোটা জেলার মোট ৮টি কেন্দ্রে আগামী ১ মাসেরও বেশি সময় ধরে পর্যায়ক্রমে এই কর্মসূচি চলবে। গোটা সিপাহীজলা জেলায় মোট ৩,২৩০ মেট্রিক টন ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। কর্মসূচিতে সিপাহীজলা জিলা পরিষদের সহকারী সভাধিপতি পিন্টু আইচ, কাঠালিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারপার্সন মিঠু রানী দাস, সোনামুড়ার মহকুমা শাসক মহেন্দ্র কাম্বে চাকমা সহ কৃষি ও খাদ্য দপ্তরের আধিকারিকরা উপস্থিত ছিলেন।

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া আজ দক্ষিন জেলার রাজনগর নতুন মোটর স্ট্যান্ডে কৃষকদের কাছ থেকে সহায়ক মূল্যে ধান ক্রয়ের সূচনা করেন।

বিধায়িকা স্বপ্না মজুমদার, রাজনগর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান বিশ্বজিৎ নাথ, বিলোনিয়ার মহকুমা শাসক দেবাশীষ দাস প্রমুখ উপস্থিত ছিলেন উদ্বোধনী অনুষ্ঠানে। রাজনগরের কৃষি তত্বাবধায়ক দীপক দাস জানান, প্রথম দিনে ৬০ মেট্রিক টন ধান কেনা হয়েছে। ৩০ ডিসেম্বর পর্যন্ত টানা ১২ দিন ধান কেনা হবে বলেও জানান তিনি।

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**India on Bangladesh :**

সরকার আজ বলেছে যে বাংলাদেশ জুড়ে হিন্দু এবং অন্যান্য সংখ্যালঘুদের বাড়িঘর, ব্যবসা প্রতিষ্ঠান, মন্দির এবং ধর্মীয় স্থানগুলিতে হামলার বিষয়ে সহিংসতার ঘটনাগুলি সরকার গুরুত্বের সঙ্গে দেখছে।

রাজ্যসভায় একটি প্রশ্নের লিখিত উত্তরে, পররাষ্ট্র প্রতিমন্ত্রী কীর্তি বর্ধন সিং জানিয়েছেন যে সরকার এই ঘটনাগুলিকে গুরুত্ব দিয়ে বাংলাদেশ সরকারকে এবিষয়ে ভারতের উদ্বেগের কথা জানিয়েছে। তিনি আরও জানান, এ পর্যন্ত বাংলাদেশ সরকার ৭০ জনকে গ্রেফতার করেছে এবং সংখ্যালঘুদের সঙ্গে জড়িত সহিংসতার ঘটনায় ৮৮টি মামলা নথিভুক্ত করা হয়েছে। তিনি বলেন, সংখ্যালঘুসহ বাংলাদেশের সকল নাগরিকের জীবন ও স্বাধীনতা রক্ষার প্রাথমিক দায়িত্ব বাংলাদেশ সরকারের। তিনি বলেন যে ভারতের প্রত্যাশা হল বাংলাদেশ সরকার হিন্দু ও অন্যান্য

সংখ্যালঘুদের নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় সব ব্যবস্থা নেবে।

*****************************

**Green Highway :**

কেন্দ্রীয় সড়ক পরিবহন ও মহাসড়ক মন্ত্রী নিতিন গড়করি বলেছেন, সবুজ মহাসড়ক নীতি ২০১৫ অনুসারে, সমস্ত জাতীয় মহাসড়কগুলি সবুজ করার উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, এ পর্যন্ত ৬২ হাজার কিলোমিটারের বেশি জাতীয় সড়কে বৃক্ষরোপণের কাজ হাতে নেওয়া হয়েছে। আজ লোকসভায় একটি উত্তরে, শ্রী গড়করি বলেন, সবুজ মহাসড়ক নীতি বৃক্ষরোপন, নার্সারি উন্নয়ন, রক্ষণাবেক্ষণ এবং সংশ্লিষ্ট কার্যক্রমের ক্ষেত্রে উল্লেখযোগ্য সংখ্যক প্রত্যক্ষ ও পরোক্ষ কর্মসংস্থান সৃষ্টি করে। মন্ত্রী বলেন, গত পাঁচ বছরে ৩২২ লক্ষের বেশি চারা রোপণের ফলে প্রায় ৩২৩ লক্ষ শ্রমদিবস সৃষ্টি হয়েছে।

***************************

**Assembly Meeting :**

ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ তথা নীতি নির্ধারণ কমিটির চেয়ারম্যান বিশ্ববন্ধু সেনের পৌরোহিত্যে আজ বিধানসভায় আসন্ন ত্রিপুরা বিধানসভার শীতকালীন অধিবেশনকে কেন্দ্র করে গুরুত্বপূর্ণ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ, পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিরোধী দলনেতা জিতেন্দ্র চৌধুরী, মুখ্যসচেতক কল্যাণী সাহা রায় প্রমুখ। বৈঠকে বিধানসভার অধিবেশন পরিচালনা সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি বিধানসভার নিয়মাবলী নিয়ে সদস্যরা তাদের গুরুত্বপূর্ণ মতামত পেশ করেন।

******************************

**Tring Festival :**

রাজ্যভিত্তিক ত্রিং উৎসব এবছর খোয়াই পদ্মবিল ব্লকের পাগলাবাড়ি এডিসি ভিলেজে একুশে ডিসেম্বর অনুষ্ঠিত হবে। ঐদিন সন্ধ্যে থেকে সারা রাত ব্যাপী অনুষ্ঠান চলবে। এই উৎসবে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু, এম ডি সি প্রদ্যোৎ বিক্রম কিশোর মানিক্য দেববর্মা, মন্ত্রী রতনলাল নাথ ও অনিমেষ দেববর্মার উপস্থিত থাকার কথা। আজ বিকেলে বিধায়ক তথা রামচন্দ্রঘাট ত্রিং উদযাপন কমিটির চেয়ারম্যান রঞ্জিত দেববর্মা পাগলাবাড়িতে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান।

ত্রিপুরা উপজাতি এলাকা স্বশাসিত জেলা পরিষদের চেয়ারম্যান জগদীশ দেববর্মা ত্রিপুরাব্দের নতুন বর্ষ ত্রিং উপলক্ষ্যে রাজ্যবাসীকে শুভেচ্ছা জানান। এই নতুন বছরে পরস্পর পরস্পরের মধে সৌভ্রাতৃত্বের বন্ধন আরও মজবুত হবে বলে শ্রী দেববর্মা আশাব্যক্ত করেন।

এদিকে পৃথক বার্তায় ত্রিপুরাব্দের নতুন বর্ষ ত্রিং উপলক্ষ্যে রাজাবাসীর প্রতি অভিনন্দন জানান মুখ্যনিবাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের নিবাহী সদস্য সুহেল দেববর্মা।

*****************************

**Swachhata Pakhwada :**

দক্ষিণ জেলা কৃষি বিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে আজ জেলার বীরচন্দ্রমনুর শহীদ স্মৃতি বিদ্যামন্দিরে পক্ষকালব্যাপী স্বচ্ছতা পক্ষ কর্মসূচির অঙ্গ হিসেবে ছাত্র ছাত্রীদের নিয়ে স্বচ্ছতা সচেতনতা ও পরিচ্ছন্নতা অভিযান এবং কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রাণী বিশেষজ্ঞ ডা: ধ্রুবজ্যোতি দাস ও গার্হস্হ্য বিজ্ঞান বিষয়ক বিশেষজ্ঞ ডাঃ ইঙ্গিতা গোঁহাই, স্কুলের শিক্ষক গোপাল বণিক, সুপ্রিয়া ভৌমিক, রতন দেবনাথ প্রমুখ কর্মসূচি পরিচালনা করেন।

**************************

**Para Olympics concludes :**

আগরতলার স্বামী বিবেকানন্দ ময়দানে আয়োজিত দুদিন ব্যাপী খেলো ত্রিপুরা প্যারা অলিম্পিকস-২০২৪এর আজ ছিল শেষ দিন। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের মন্ত্রী টিঙ্কু রায়, ভারতীয় স্পেশাল অলিম্পিকস এর সভাপতি ডঃ মল্লিকা নাড্ডা প্রমুখ। মন্ত্রী শ্রী রায় বলেন সমাজের সব স্তরে দিব্যঙ্গরা নিজেদের প্রতিভা তুলে ধরছেন। তাই তাদের সামাজিক ও অর্থনৈতিক ভাবে শক্তিশালী করতে সরকার ও দপ্তর বিভিন্ন প্রকল্প গ্রহণ করে চলেছে। উল্লেখ্য অনুষ্ঠানের শেষ দিনে বিভিন্ন বিভাগে খেলায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। তাছাড়া প্রায় ৩ হাজারের মতো দিব্যাঙ্গদের সামাজিক ভাতার শংসাপত্র প্রদান করা হয়।

এবারের প্যারা অলিম্পিক্স ক্রিকেটে দক্ষিন জেলা চ্যাম্পিয়ন ও উত্তর জেলা রানার্স, ফুটবলে ঊনকোটি জেলা চ্যাম্পিয়ন ও দক্ষিণ জেলা রানার্স এবং টাগ অব ওয়ারে ঊনকোটি জেলা দুটি বিভাগে চ্যাম্পিয়ন হয়েছে। এছাড়া এথলেটিক্সের ব্যাক্তিগত বিভিন্ন বিভাগে প্রতিযোগিতা সম্পন্ন হয়।

**************************

**Under-23 Cricket :**

অনূর্ধ্ব ২৩ বছরের জাতীয় ক্রিকেটের সীমিত ওভারের আসরে তৃতীয় খেলায় আজ ত্রিপুরা পরাজিত হয়েছে। বরোদায় অনুষ্ঠিত খেলায় গুজরাট ৫ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল ৪৪ ওভার ৪ বল-এ সবকটি উইকেট হারিয়ে ১৪২ রান করে। জবাবে গুজরাট ২৭ ওভার ৫ বল-এ ৫ উইকেট হারিয়ে জয়ের লক্ষ্য পূরণ করে।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ দশমিক এক ডিগ্রী সেলসিয়াস।

**************************